



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



২০১৭

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১০৭/ ২৭৭৪

তারিখঃ ১৭.১২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন বড়মহেশখালী মহিলা দাখিল মাদ্রাসা সংক্রান্ত নথি, যা এ বোর্ডে রক্ষিত আছে, তা পর্যালোচনায় দেখা যায় যে, মাদ্রাসাটি ০১-০১-২০০৬ সাল হতে ০৩ (তিন) বৎসরের জন্য ৯ম শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রাপ্ত। অনুমতি নবায়ন অথবা একাডেমিক স্বীকৃতির কোন কাগজপত্র পাওয়া যায়নি। মাদ্রাসা পরিচালনার জন্য বারংবার এডহক কমিটি গঠন করা হয়েছে, শুধুমাত্র একবার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছিল যার মেয়াদ ২৮-০১-২০১৩খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়েছে, কিন্তু পরবর্তীতে আর কোন কমিটি গঠন করা হয়নি। এছাড়া নথি পর্যালোচনায় আরও দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৪৮ ধারা অনুযায়ী স্বীকৃতি লাভের আগ পর্যন্ত নির্বাহী কমিটি দ্বারা মাদ্রাসা পরিচালনার বিধান থাকলেও কোন নির্বাহী কমিটি গঠন করা হয়নি।

বর্ণিত অবস্থায় নিয়মিতভাবে পরিচালনা কমিটি গঠন না করা, পাঠদানের অনুমতি নবায়ন ও একাডেমিক স্বীকৃতি গ্রহণ না করায় কেন মাদ্রাসাটি বাতিল করা হবে না আগামী ১০ (দশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


17.12.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

✓ প্রাপকঃ সুপার, বড়মহেশখালী মহিলা দাখিল মাদ্রাসা, মহেশখালী, কক্সবাজার।

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১০৭/

তারিখঃ ১২.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার।
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী, কক্সবাজার।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪